



## খামেনির মৃত্যুর খবর নিশ্চিত করল ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম



ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হয়েছেন বলে নিশ্চিত করেছে দেশটির রাষ্ট্রীয় বার্তাসংস্থা তাসনিম ও ফার্স নিউজ। রোববার (১ মার্চ) সকালে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ সামরিক হামলায় তিনি প্রাণ হারান। তার মৃত্যুতে দেশজুড়ে ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে।

খবরে বলা হয়েছে, শনিবার ভোরে তার সরকারি বাসভবনকে লক্ষ্য করে হামলা চালানো হয়। হামলার পরপরই তার অবস্থা নিয়ে নানা গুঞ্জন ছড়িয়ে পড়ে। রাতে প্রথমে মৃত্যুর দাবি জানান ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। পরে একই তথ্য প্রকাশ করেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

প্রথমদিকে ইরানের পক্ষ থেকে বিষয়টি অস্বীকার করা হলেও শেষ পর্যন্ত রোববার সকালে আনুষ্ঠানিকভাবে জানানো হয়, দেশের সর্বোচ্চ ধর্মীয় ও রাজনৈতিক নেতা নিহত হয়েছেন। খবরটি প্রকাশের পর দেশজুড়ে গভীর শোকের পরিবেশ তৈরি হয়েছে।